# পিকেএসএফ-এর সহযোগী সংস্থা ও গ্রাহকদের মধ্যে “Bangla QR” কোড ভিত্তিক আর্থিক লেনদেন

## <u>বাংলা কিউআর “Bangla QR” সংক্রান্ত ব্যবহারিক সহায়িকা</u>

**সংস্করণ: ১.০**

## ১.০ কিউআর কোড (QR Code) কী?

কিউআর কোড হলো বর্গাকার আকারের এক ধরনের দ্বি-মাত্রিক বারকোড (Two-Dimensional Barcode)। এটি কালো ও সাদা বর্গাকার বাক্সের মতো দেখতে হয়, যার ভেতরে ছোট ছোট বর্গাকার আকারের আইকন (Icon) থাকে। এই আইকনগুলোর (Icon) সাহায্যে বিভিন্ন ধরনের তথ্য এনকোড (Encode) করা যায়।

চিত্রঃ নমুনা QR কোড

## ২.০ কিউআর কোড কীভাবে কাজ করে?

স্মার্টফোনের ক্যামেরা অ্যাপ্লিকেশন ব্যবহার করে কিউআর কোড স্ক্যান (Scan) করলে, সেই এনকোডেড (Encoded) তথ্যটি ডিকোড (Decode) হয়ে ফোনে প্রদর্শিত হয়। উদাহরণস্বরূপ, একটি কিউআর কোডে কোনো ওয়েবসাইটের ঠিকানা (URL) থাকতে পারে। মোবাইল ফোনে সেই কোডটি স্ক্যান করার পর স্বয়ংক্রিয়ভাবে সেই ওয়েবসাইটটি মোবাইল ফোনের ব্রাউজারে খুলে যাবে।

## ৩.০ কিউআর কোডের ব্যবহার

- ওয়েবসাইটে যাওয়া
- পণ্যের তথ্য দেখা
- Wi-Fi নেটওয়ার্কে সংযোগ স্থাপন করা
- ফোন নম্বর সংরক্ষণ করা
- মোবাইল অ্যাপ্লিকেশন ডাউনলোড করা
- ডিজিটাল পেমেন্ট করা (ব্যাংক ও যে কোনো ডিজিটাল পেমেন্ট অ্যাপের মাধ্যমে)


এছাড়া আরো অনেক কাজে কিউআর কোড ব্যবহার করা হয়। বিভিন্ন ধরনের তথ্য অ্যাক্সেস করার জন্য এটি একটি দ্রুত ও সুবিধাজনক পদ্ধতি।

## ৪.০ বাংলা কিউআর (Bangla QR) কী?

বাংলা কিউআর হলো বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে চালু করা এক ধরনের কিউআর কোড (QR Code) ভিত্তিক ডিজিটাল পেমেন্ট পদ্ধতি। এটি দ্রুত, সহজ এবং সুরক্ষিত উপায়ে পেমেন্ট করার সুবিধা দেয়। সাধারণ কিউআর কোডের মতোই বাংলা কিউআর কোডেও কালো ও সাদা বর্গাকার বাক্সের মতো নকশা রয়েছে। তবে, এটি বাংলাদেশের প্রেক্ষিতে আরো বেশি সুবিধাজনক কারণ এতে নির্দেশাবলি বা তথ্য বাংলায় রাখার সুযোগ রয়েছে।

BANGLA QR LOGO

### ৪.১ বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত বাংলা কিউআর (Bangla QR) কোডের ফরম্যাট:



### ৪.২ বাংলা কিউআর (Bangla QR) ব্যবহারের সুবিধা:

- **দ্রুত পেমেন্ট:** ক্যাশ বা কার্ডের চেয়ে অনেক দ্রুত কেনাকাটা ও পেমেন্ট করা যায়।
- **সহজে ব্যবহারযোগ্য:** কোনো জটিলতা ছাড়াই স্মার্টফোনের ক্যামেরা অ্যাপ্লিকেশন দিয়েই কিউআর কোড স্ক্যান করে পেমেন্ট করা যায়।
- **সুরক্ষিত পদ্ধতি:** বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে গড়া এই পদ্ধতিটি খুবই সুরক্ষিত।
- **কম খরচ:** বাংলা কিউআর ব্যবহারের কম খরচে লেনদেন করা সম্ভব।
- **সর্বজনীন ব্যবহার:** যেকোনো ব্যক্তি বাংলা কিউআর (Bangla QR) সাপোর্ট করে এমন ব্যাংকের মোবাইল ব্যাংকিং অ্যাপ্লিকেশন বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (MFS)-এর অ্যাপ্লিকেশন দিয়েই বাংলা কিউআর ব্যবহার করে পেমেন্ট করা যায়।

## ৫.০ বাংলা কিউআর (Bangla QR) ভিত্তিক লেনদেনের সাধারণ ধাপসমূহ:

### ৫.১ রেজিস্ট্রেশন ও কিউআর কোড তৈরি

- **ব্যাংক/MFS প্রোভাইডার রেজিস্ট্রেশন:** গ্রাহকরা তাদের ব্যাংক বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (MFS) প্রোভাইডারের মাধ্যমে রেজিস্ট্রেশন করবেন।
- **কিউআর কোড জেনারেশন:** রেজিস্ট্রেশনের পর গ্রাহক বা ব্যবসায়ী একটি ইউনিক বাংলা কিউআর কোড পাবেন যা তাদের ব্যাংক বা MFS অ্যাকাউন্টের সাথে সংযুক্ত থাকবে।

### ৫.২ পেমেন্ট প্রক্রিয়া

- **কিউআর কোড প্রদর্শন:** দোকান বা সেবা প্রদানকারী তাদের কিউআর কোড প্রদর্শন করবেন।
- **স্ক্যানিং:** গ্রাহক তার মোবাইল ফোনের মাধ্যমে কিউআর কোড স্ক্যান করবেন।
- **পেমেন্ট তথ্য ইনপুট:** স্ক্যান করার পর গ্রাহকের মোবাইল অ্যাপ্লিকেশনে পেমেন্টের পরিমাণ ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে অথবা গ্রাহক পূরণ করবে।
- **নিরাপত্তা যাচাইকরণ:** গ্রাহক পিন, পাসওয়ার্ড বা বায়োমেট্রিক মাধ্যমে নিরাপত্তা যাচাই করবেন।
- **লেনদেন নিশ্চিতকরণ:** ব্যাংক বা MFS প্রোভাইডার লেনদেন যাচাই করবে এবং নিশ্চিত করবে।
- **নোটিফিকেশন:** সফল লেনদেনের পর গ্রাহক এবং সেবা প্রদানকারী উভয়েই নোটিফিকেশন পাবেন।


### ৫.৩ লেনদেনের সমন্বয়

- **অ্যাকাউন্ট সমন্বয়:** ব্যাংক বা MFS প্রোভাইডার স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের অ্যাকাউন্ট থেকে নির্দিষ্ট পরিমাণ অর্থ সেবা প্রদানকারীর অ্যাকাউন্টে স্থানান্তর করবে।
- **লেনদেনের রেকর্ড:** উভয়ের অ্যাকাউন্টে লেনদেনের রেকর্ড সংরক্ষিত থাকবে।

### ৫.৪ গ্রাহক সেবা

- **সমস্যা সমাধান:** লেনদেন সম্পর্কিত যেকোনো সমস্যা বা অভিযোগের ক্ষেত্রে গ্রাহক ব্যাংক বা MFS প্রোভাইডারের গ্রাহক সেবা কেন্দ্রের সহায়তা নিতে পারবেন।
- **লেনদেনের ইতিহাস দেখা:** গ্রাহক তার ব্যাংক বা MFS অ্যাপ্লিকেশন থেকে লেনদেনের ইতিহাস দেখতে পারবেন।

### ৫.৫ বাংলা কিউআরের মাধ্যমে পেমেন্টের বাংলাদেশ ব্যাংক প্রণীত ধাপসমূহ:




চিত্রঃ বাংলা কিউআরের মাধ্যমে পেমেন্টের ধাপসমূহ

## ৬.০ বাংলা কিউআর (Bangla QR) কীভাবে পাবো?

বাংলা কিউআর (Bangla QR) পেতে মূলত দুই ধরনের মার্চেন্ট অ্যাকাউন্টের মধ্যে একটি অ্যাকাউন্ট খুলতে হবে:

- **মাইক্রো মার্চেন্ট অ্যাকাউন্ট:** এই অ্যাকাউন্টটি ছোট ব্যবসায়ীদের জন্য, ব্যক্তি পর্যায়েও এই অ্যাকাউন্ট খোলা সম্ভব। যাদের লেনদেনের পরিমাণ কম এবং মাসিক লেনদেনের পরিমাণ ১০ লক্ষ টাকার সমান অথবা কম।
- **রেগুলার মার্চেন্ট অ্যাকাউন্ট:** এই অ্যাকাউন্টটি মাঝারি থেকে বড় ব্যবসায়ীদের জন্য, যাদের মাসিক লেনদেনের পরিমাণ ১০ লক্ষ টাকার অধিক।

## ৬.১ ব্যাংক এবং MFS থেকে অ্যাকাউন্ট খোলা ও মাইক্রো মার্চেন্ট অ্যাকাউন্ট পাওয়ার প্রক্রিয়া নিম্নরূপ:

**(ক) ব্যাংকের মাধ্যমে:**

- **ব্যক্তিগত সঞ্চয়ী অ্যাকাউন্ট:** প্রথমে ব্যবহারকারীকে একটি ব্যক্তিগত সঞ্চয়ী অ্যাকাউন্ট খুলতে হবে।
- **মার্চেন্ট অ্যাপ্লিকেশন:** ব্যাংকে গিয়ে মার্চেন্ট অ্যাকাউন্টের জন্য আবেদন করতে হবে। ব্যাংক একটি মার্চেন্ট অ্যাপ্লিকেশন ফর্ম দেবে, সেটা পূরণ করতে হবে।
- **কাগজপত্র:** সাধারণত প্রয়োজনীয় কাগজপত্রের মধ্যে থাকে -পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি, ঠিকানা প্রমাণ (যেমন, বিদ্যুৎ বিল), এবং ব্যবসায়ের লাইসেন্স (যদি থাকে)। এছাড়া অ্যাকাউন্টের নমিনির পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি প্রয়োজন হয়।
- **সম্মতি:** ব্যাংক কর্মকর্তার সাথে আলোচনা করে চার্জ এবং শর্তাবলি সম্পর্কে সম্যক ধারণা নিতে হবে। সম্মত হলে, প্রয়োজনীয় কাগজপত্র জমা দিলে আবেদন প্রক্রিয়া সম্পন্ন হবে।
- **অ্যাকাউন্ট সক্রিয়করণ:** ব্যাংক আবেদনপত্র যাচাই করার পরে অ্যাকাউন্ট সক্রিয় করবে এবং বাংলা কিউআর (Bangla QR) কোড সরবরাহ করবে।

**(খ) MFS-এর মাধ্যমে:**

- **MFS অ্যাপ**: গ্রাহকে নিজের মোবাইলে MFS অ্যাপ্লিকেশন (যেমনঃ বিকাশ,নগদ, রকেট, ইত্যাদি) ব্যবহার করে MFS অ্যাকাউন্ট খুলতে হবে।
- **মার্চেন্ট সাইনআপ অপশন:** অ্যাপে মার্চেন্ট সাইনআপ অথবা মার্চেন্টের জন্য আবেদনের অপশন খুঁজতে হবে এবং নির্দেশাবলি অনুসরণ করে আবেদন করতে হবে।
- **তথ্য প্রদান:** এসময় বিভিন্ন তথ্য যেমন ব্যক্তিগত তথ্য, ব্যবসার তথ্য ইত্যাদি প্রদান করার প্রয়োজন হতে পারে।
- **যাচাইকরণ:** MFS কর্তৃপক্ষ তথ্য যাচাই করবে।
- **সক্রিয়করণ:** যাচাইকরণের পরে অ্যাকাউন্ট সক্রিয় করা হবে এবং MFS অ্যাপ্লিকেশনের মাধ্যমে বাংলা কিউআর (Bangla QR) কোড প্রদান করা হবে।

**বিশেষ দ্রষ্টব্য:** বিভিন্ন ব্যাংক ও এমএফএসের নিজস্ব নিয়মাবলি এবং অন্যান্য প্রয়োজনীয়তা থাকতে পারে। অ্যাকাউন্ট খোলা ও বাংলা কিউআর (Bangla QR) পাওয়ার জন্য নিজের অ্যাকাউন্ট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা অফিস অথবা নিকটস্থ  Customer Care সমূহে যোগাযোগ করুন।

### ৬.২ বাংলা কিউআর (Bangla QR) কীভাবে কাজ করে?

- ক্রেতা তাঁর মোবাইল ব্যাংকিং অ্যাপ্লিকেশন বা MFS অ্যাপ্লিকেশন ব্যবহার করে বিক্রেতা বা দোকানের দেয়ালে থাকা বাংলা কিউআর কোডটি স্ক্যান করবেন।
- ক্রেতার মোবাইল ব্যাংকিং অ্যাপ্লিকেশন বা MFS অ্যাপ্লিকেশনটি টাকার পরিমাণ প্রদর্শিত হবে।
- পেমেন্টের পরিমাণ নিশ্চিত হয়ে ক্রেতা পিন বা পাসওয়ার্ড দিয়ে পেমেন্টের অনুমতি দিলে কয়েক সেকেন্ডের মধ্যেই পেমেন্ট সম্পন্ন হয়ে যাবে।

### ৬.৩ বাংলা কিউআরের মাধ্যমে পেমেন্টের জন্য বাংলাদেশ ব্যাংক থেকে ২টি পদ্ধতি বিবেচনা করা হয়েছে। বর্ণনা নিম্নরূপঃ

(ক) বাংলা কিউআরের মাধ্যমে পেমেন্টের বাংলাদেশ ব্যাংক প্রণীত নমুনা (Static):




চিত্রঃ বাংলা কিউআরের মাধ্যমে পেমেন্টের বাংলাদেশ ব্যাংক প্রণীত নমুনা (Static)

এই উদাহরণে, বিক্রেতা একটি QR কোড প্রদর্শন করবে যাতে বিক্রেতার প্রোফাইল সংক্রান্ত তথ্য থাকবে। গ্রাহক QR কোড স্ক্যান করবেন এবং তাঁর মোবাইল অ্যাপ্লিকেশনে পেমেন্টের পরিমাণ এবং পিন কোড প্রদানের পর পেমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করবেন।

(খ) বাংলা কিউআরের মাধ্যমে পেমেন্টের বাংলাদেশ ব্যাংক প্রণীত নমুনা (Dynamic):




চিত্রঃ বাংলা কিউআরের মাধ্যমে পেমেন্টের বাংলাদেশ ব্যাংক প্রণীত নমুনা (Dynamic)

এই উদাহরণে, বিক্রেতা/ব্যবসায়ী নির্দিষ্ট QR কোড তৈরি করবে যাতে পেমেন্টের পরিমাণ সহ বিক্রেতার প্রোফাইল সংক্রান্ত তথ্য থাকবে। গ্রাহক QR কোড স্ক্যান করবেন এবং পিন কোড প্রদানের পর তার মোবাইল অ্যাপ্লিকেশনে পেমেন্টের পরিমাণ প্রবেশ করানো ছাড়াই পেমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করবেন।

উপর্যুক্ত দুটি পদ্ধতির মধ্যে মূল পার্থক্য হলো প্রথমটিতে টাকার পরিমাণ এন্ট্রি করতে হবে আর দ্বিতীয়টিতে স্বয়ংক্রিয়ভাবে টাকার পরিমাণ প্রদর্শিত হবে।

## ৭.০ সহযোগী সংস্থার আর্থিক লেনদেনঃ

সহযোগী সংস্থা হতে গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ এবং গ্রাহক কর্তৃক সহযোগী সংস্থায় ঋণের কিস্তি ফেরত, সঞ্চয় জমা ইত্যাদি বাংলা কিউআর (Bangla QR) এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সহযোগী সংস্থার শাখা অফিস সংশ্লিষ্ট ব্যাংক অ্যাকাউন্ট এবং গ্রাহকের MFS অথবা ব্যাংক অ্যাকাউন্টের QR কোড থাকার প্রয়োজন হবে।

### ৭.১ বাংলা কিউআর (Bangla QR) কোড ব্যবহার করে ঋণ বিতরণ:

- **ব্যাংক/MFS অ্যাপ্লিকেশনে লগইন:** ঋণ বিতরণের লক্ষ্যে শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসারগণ শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ্লিকেশনে লগইন করবেন।
- **কিউআর কোড স্ক্যানিং অপশন:** শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসারগণ ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ্লিকেশনে কিউআর কোড স্ক্যান করার অপশনটি খুঁজে বের করে সংশ্লিষ্ট আইকনে ট্যাপ করবেন।
- **কিউআর কোড প্রদর্শন:** ঋণ বিতরণের সময় গ্রাহক তাঁর MFS অথবা ব্যাংক অ্যাকাউন্ট সংশ্লিষ্ট বাংলা কিউআর (Bangla QR) কোড প্রদর্শন করবেন।
- **বাংলা কিউআর স্ক্যানিং:** শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসার শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ থেকে গ্রাহকের বাংলা কিউআর কোড স্ক্যান করবেন।
- **ঋণের পরিমাণ ইনপুট:** স্ক্যান করার পর মোবাইল অ্যাপ্লিকেশনে শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসার গ্রাহকের প্রোফাইলের তথ্য যাচাই করে ঋণের পরিমাণ সঠিকভাবে পূরণ করবেন।
- **নিরাপত্তা যাচাইকরণ:** শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসার শাখা অফিসের অ্যাকাউন্ট সংশ্লিষ্ট পিন, পাসওয়ার্ড বা বায়োমেট্রিক-এর মাধ্যমে নিরাপত্তা যাচাই করবেন।
- **লেনদেন সম্পন্নকরণ:** শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসার লেনদেন সম্পন্নকরণের লক্ষ্যে OK বাটনে ট্যাপ করবেন।
- **লেনদেন নিশ্চিতকরণ নোটিফিকেশন:** সফল লেনদেনের পর গ্রাহক এবং সেবা প্রদানকারী উভয়েই নোটিফিকেশন পাবেন।
- **সফটওয়্যারে এন্ট্রি:** সফল লেনদেনের পর ক্রেডিট অফিসার সংস্থার MIS ও AIS সফটওয়্যারে উক্ত লেনদেন সম্পর্কিত তথ্য ম্যানুয়ালি এন্ট্রি করবেন। উল্লেখ্য যে, ভবিষ্যতে বাংলা কিউআর (Bangla QR) পেমেন্ট সংশ্লিষ্ট ব্যাংক/MFS অ্যাকাউন্টের মোবাইল অ্যাপ্লিকেশনের সাথে সংস্থার MIS ও AIS সফটওয়্যার সমন্বিত করা হলে ম্যানুয়াল এন্ট্রির প্রয়োজন হবে না।



### ৭.২ গ্রাহক কর্তৃক ঋণের কিস্তি ফেরত:

- **ব্যাংক/MFS অ্যাপ্লিকেশনে লগইন:** গ্রাহক তাঁর নিজের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ্লিকেশনে লগইন করবেন।
- **কিউআর কোড স্ক্যানিং অপশন:** গ্রাহক ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ্লিকেশনে কিউআর কোড স্ক্যান করার অপশনটি খুঁজে বের করে সংশ্লিষ্ট আইকনে ট্যাপ করবেন।
- **কিউআর কোড প্রদর্শন:** ক্রেডিট অফিসার শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট বাংলা কিউআর (Bangla QR) কোড প্রদর্শন করবেন।
- **বাংলা কিউআর স্ক্যানিং:** গ্রাহক সংস্থার শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট বাংলা কিউআর (Bangla QR) কোড স্ক্যান করবেন।
- **ঋণের কিস্তির পরিমাণ ইনপুট:** স্ক্যান করার পর মোবাইল অ্যাপ্লিকেশনে গ্রাহক সংস্থার শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট প্রোফাইলের তথ্য যাচাই করে কিস্তির পরিমাণ সঠিকভাবে পূরণ করবেন।
- **নিরাপত্তা যাচাইকরণ:** গ্রাহক পিন, পাসওয়ার্ড বা বায়োমেট্রিক-এর মাধ্যমে নিরাপত্তা যাচাই করবেন।
- **লেনদেন সম্পন্নকরণ:** গ্রাহক লেনদেন সম্পন্নকরণের লক্ষ্যে OK বাটনে ট্যাপ করবেন।
- **কিস্তি জমা:** কিস্তির অর্থ গ্রাহকের অ্যাকাউন্ট থেকে সহযোগী সংস্থার শাখা অফিসের ঋণ সংশ্লিষ্ট ব্যাংক/MFS অ্যাকাউন্টে জমা হবে।
- **লেনদেন নিশ্চিতকরণ নোটিফিকেশন:** সফল লেনদেনের পর গ্রাহক এবং সেবা প্রদানকারী উভয়েই নোটিফিকেশন পাবেন।
- **সফটওয়্যারে এন্ট্রি:** সফল লেনদেনের পর ক্রেডিট অফিসার সংস্থার MIS ও AIS সফটওয়্যারে উক্ত লেনদেন সম্পর্কিত তথ্য ম্যানুয়ালি এন্ট্রি করবেন। উল্লেখ্য যে, ভবিষ্যতে বাংলা কিউআর (Bangla QR) পেমেন্ট সংশ্লিষ্ট ব্যাংক/MFS অ্যাকাউন্টের মোবাইল অ্যাপ্লিকেশনের সাথে সংস্থার MIS ও AIS সফটওয়্যার সমন্বিত করা হলে ম্যানুয়াল এন্ট্রির প্রয়োজন হবে না।



**৭.৩ গ্রাহক কর্তৃক সঞ্চয় জমা:**

- **ব্যাংক/MFS অ্যাপ্লিকেশনে লগইন:** গ্রাহক তাঁর নিজের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ্লিকেশনে লগইন করবেন।
- **কিউআর কোড স্ক্যানিং অপশন:** গ্রাহক ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ্লিকেশনে কিউআর কোড স্ক্যান করার অপশনটি খুঁজে বের করে সংশ্লিষ্ট আইকনে ট্যাপ করবেন।
- **কিউআর কোড প্রদর্শন:** ক্রেডিট অফিসার শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট বাংলা কিউআর (Bangla QR) কোড প্রদর্শন করবেন।
- **বাংলা কিউআর স্ক্যানিং:** গ্রাহক সংস্থার শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট বাংলা কিউআর (Bangla QR) কোড স্ক্যান করবেন।
- **সঞ্চয়ের কিস্তির পরিমাণ ইনপুট:** স্ক্যান করার পর মোবাইল অ্যাপ্লিকেশনে গ্রাহক সংস্থার শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট প্রোফাইলের তথ্য যাচাই করে সঞ্চয়ের কিস্তির পরিমাণ সঠিকভাবে পূরণ করবেন।
- **নিরাপত্তা যাচাইকরণ:** গ্রাহক পিন, পাসওয়ার্ড বা বায়োমেট্রিক-এর মাধ্যমে নিরাপত্তা যাচাই করবেন।
- **লেনদেন সম্পন্নকরণ:** গ্রাহক লেনদেন সম্পন্নকরণের লক্ষ্যে OK বাটনে ট্যাপ করবেন।
- **সঞ্চয় জমা:** সঞ্চয়ের কিস্তির অর্থ গ্রাহকের অ্যাকাউন্ট থেকে সহযোগী সংস্থার শাখা অফিসের ঋণ সংশ্লিষ্ট ব্যাংক/MFS অ্যাকাউন্টে জমা হবে।
- **লেনদেন নিশ্চিতকরণ নোটিফিকেশন:** সফল লেনদেনের পর গ্রাহক এবং সেবা প্রদানকারী উভয়েই নোটিফিকেশন পাবেন।
- **সফটওয়্যারে এন্ট্রি:** সফল লেনদেনের পর ক্রেডিট অফিসার সংস্থার MIS ও AIS সফটওয়্যারে উক্ত লেনদেন সম্পর্কিত তথ্য ম্যানুয়ালি এন্ট্রি করবেন। উল্লেখ্য যে, ভবিষ্যতে বাংলা কিউআর (Bangla QR) পেমেন্ট সংশ্লিষ্ট ব্যাংক/MFS অ্যাকাউন্টের মোবাইল অ্যাপ্লিকেশনের সাথে সংস্থার MIS ও AIS সফটওয়্যার সমন্বিত করা হলে ম্যানুয়াল এন্ট্রির প্রয়োজন হবে না।




**বিশেষ দ্রষ্টব্য:** গ্রাহক কর্তৃক সঞ্চয় ও ঋণের কিস্তির মোট টাকার পরিমাণ প্রয়োজনে একটি Transaction-এর মাধ্যমে প্রদান করাও সম্ভব হবে।

## ৭.৪ বাংলা কিউআর (Bangla QR) কোড ব্যবহার করে সঞ্চয় ফেরত:

- **ব্যাংক/MFS অ্যাপ্লিকেশনে লগইন:** সঞ্চয় ফেরতের লক্ষ্যে শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসারগণ শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ্লিকেশনে লগইন করবেন।
- **কিউআর কোড স্ক্যানিং অপশন:** শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসারগণ ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ্লিকেশনে কিউআর কোড স্ক্যান করার অপশনটি খুঁজে বের করে সংশ্লিষ্ট আইকনে ট্যাপ করবেন।
- **কিউআর কোড প্রদর্শন:** সঞ্চয় ফেরতের সময় গ্রাহক তাঁর MFS অথবা ব্যাংক অ্যাকাউন্ট সংশ্লিষ্ট বাংলা কিউআর (Bangla QR) কোড প্রদর্শন করবেন।
- **বাংলা কিউআর স্ক্যানিং:** শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসার শাখা অফিসের ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপ থেকে গ্রাহকের বাংলা কিউআর কোড স্ক্যান করবেন।
- **সঞ্চয়ের পরিমাণ ইনপুট:** স্ক্যান করার পর মোবাইল অ্যাপ্লিকেশনে শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসার গ্রাহকের প্রোফাইলের তথ্য যাচাই করে সঞ্চয়ের পরিমাণ সঠিকভাবে পূরণ করবেন।
- **নিরাপত্তা যাচাইকরণ:** শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসার শাখা অফিসের অ্যাকাউন্ট সংশ্লিষ্ট পিন, পাসওয়ার্ড বা বায়োমেট্রিক-এর মাধ্যমে নিরাপত্তা যাচাই করবেন।
- **লেনদেন সম্পন্নকরণ:** শাখা ব্যবস্থাপক/ক্রেডিট অফিসার লেনদেন সম্পন্নকরণের লক্ষ্যে OK বাটনে ট্যাপ করবেন।
- **লেনদেন নিশ্চিতকরণ নোটিফিকেশন:** সফল লেনদেনের পর গ্রাহক এবং সেবা প্রদানকারী উভয়েই নোটিফিকেশন পাবেন।
- **সফটওয়্যারে এন্ট্রি:** সফল লেনদেনের পর ক্রেডিট অফিসার সংস্থার MIS ও AIS সফটওয়্যারে উক্ত লেনদেন সম্পর্কিত তথ্য ম্যানুয়ালি এন্ট্রি করবেন। উল্লেখ্য যে, ভবিষ্যতে বাংলা কিউআর (Bangla QR) পেমেন্ট সংশ্লিষ্ট ব্যাংক/MFS অ্যাকাউন্টের মোবাইল অ্যাপ্লিকেশনের সাথে সংস্থার MIS ও AIS সফটওয়্যার সমন্বিত করা হলে ম্যানুয়াল এন্ট্রির প্রয়োজন হবে না।



### ৭.৪ লেনদেনের ইতিহাস:

**গ্রাহকের লেনদেনের ইতিহাস:** গ্রাহকের লেনদেনের ইতিহাস ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপের মাধ্যমে সহজেই দেখা যাবে।

**সহযোগী সংস্থার লেনদেনের ইতিহাস:** সহযোগী সংস্থার শাখা পর্যায়ের লেনদেনের ইতিহাস ব্যাংক/MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট মোবাইল অ্যাপের মাধ্যমে সহজেই দেখা যাবে।

এই ধাপগুলো অনুসরণের মাধ্যমে গ্রাহক ও সহযোগী সংস্থার মধ্যে ঋণ বিতরণ, আদায়, সঞ্চয় জমা, উত্তোলন সংক্রান্ত লেনদেন প্রক্রিয়া সহজ এবং নির্ভুলভাবে সম্পন্ন করা সম্ভব হবে।

## ৮.০ কিছু গুরুত্বপূর্ণ বিষয়:

### ৮.১ সহযোগী সংস্থার শাখা পর্যায়ে প্রস্তুতি:

- ব্যাংক হতে সহযোগী সংস্থার শাখা অফিসের সংশ্লিষ্ট ব্যাংক অ্যাকাউন্টের বাংলা কিউআর (Bangla QR) সংগ্রহ করতে হবে।
- উক্ত বাংলা কিউআর (Bangla QR) কোড প্রিন্ট করে শাখা অফিসে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
- লেনদেনে সুবিধার্থে ক্রেডিট অফিসার পর্যায়ে শাখার ব্যাংক অ্যাকাউন্টের বাংলা কিউআর (Bangla QR) এর সফট্‌কপি অথবা ফটোকপি সরবরাহ করা যেতে পারে।
- বাংলা কিউআর (Bangla QR) স্ক্যান করার জন্য শাখা অফিসে শাখা ব্যবস্থাপক/ ক্রেডিট অফিসারের স্মার্ট ফোন থাকার প্রয়োজন হবে।
- শাখা ব্যবস্থাপক/ ক্রেডিট অফিসারগণের বাংলা কিউআর (Bangla QR) ভিত্তিক লেনদেনের ওপর প্রশিক্ষিত হতে হবে।
- সমিতিসমূহে নিয়মিত বাংলা কিউআর (Bangla QR) ভিত্তিক লেনদেনের সুবিধা ও নিরাপত্তার বিষয়ে জনসংযোগ করতে হবে।
- শাখা ব্যবস্থাপক/ ক্রেডিট অফিসারগণ গ্রাহকগণকে প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করবে।
- সংস্থার লেনদেন সম্পর্কিত কোন জিজ্ঞাসা বা অনুসন্ধানের লক্ষ্যে যোগাযোগ জন্য গ্রাহকগণকে নির্দিষ্ট হেল্প লাইন নম্বর বা মোবাইল নম্বর সরবরাহ করতে হবে।

### ৮.২ গ্রাহক পর্যায়ে প্রস্তুতি:

- ‘বাংলা কিউআর (Bangla QR)’ কোড স্ক্যান করে লেনদেন সম্পন্ন করার জন্য গ্রাহক বা গ্রাহকের পরিবারের কোনো একজন সদস্যের স্মার্ট ফোন থাকার প্রয়োজন হবে।
- সদস্য/গ্রাহকের নিজ নামে ব্যাংক অথবা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS)-এ অ্যাকাউন্ট থাকার প্রয়োজন হবে।
- ব্যাংক অথবা MFS প্রদানকারী প্রতিষ্ঠান হতে গ্রাহকের MFS অথবা ব্যাংক অ্যাকাউন্টের ‘বাংলা কিউআর (Bangla QR)’ কোড সংগ্রহ করতে হবে। প্রাপ্ত QR কোডটি ইমেজ/ছবি আকারে থাকবে।

চিত্রঃ নমুনা QR কোড

- ‘বাংলা কিউআর (Bangla QR)’ প্রাপ্তির জন্য সাধারণত গ্রাহকের পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি, ঠিকানা প্রমাণ (যেমন বিদ্যুৎ/গ্যাস ইত্যাদি বিল), প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, TIN certificate ইত্যাদি প্রয়োজন হয়। এছাড়া নমিনির পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি প্রয়োজন হয়।

- QR কোড প্রাপ্তির পর ব্যাংক অথবা MFS প্রতিষ্ঠান হতে প্রদত্ত QR কোডের প্রিন্ট কপি সংরক্ষণ করা এছাড়া সফটকপি ইমেজ আকারে স্মার্ট ফোনে সংগ্রহ করা যেতে পারে।
- গ্রাহক যে ব্যাংক অথবা MFS প্রতিষ্ঠানের অ্যাকাউন্টের অনুকূলে QR কোড সংগ্রহ করেছেন সেই প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন সংক্রান্ত মোবাইল অ্যাপটি গ্রাহকের নিজস্ব (নিজের বা পরিবারের কারো) মোবাইলে ইন্সটল করতে হবে এবং গ্রাহক কর্তৃক অ্যাপটিতে লগ ইন করতে পারার বিষয়টি নিশ্চিত হতে হবে।
- ঋণের কিস্তি ফেরত ও সঞ্চয়ের কিস্তি জমার ক্ষেত্রে গ্রাহকের সংশ্লিষ্ট অ্যাকাউন্টে পর্যাপ্ত ব্যালেন্স থাকার প্রয়োজন হবে।
- আর্থিক লেনদেনের (জমা, উত্তোলন) ক্ষেত্রে গ্রাহককে নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করার প্রয়োজন হবে:
    - ➢ ব্যাংক অথবা MFS প্রতিষ্ঠানের মোবাইল অ্যাপে লগইন করতে হবে।
    - ➢ সহযোগী সংস্থার মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শাখা অফিসের ব্যাংক অথবা MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট 'বাংলা কিউআর (Bangla QR)' কোড প্রদর্শন করবেন।
    - ➢ উক্ত মোবাইল অ্যাপ্লিকেশনে কিউআর কোড স্ক্যান করার অপশনটি খুঁজে বের করে সংশ্লিষ্ট আইকনে ট্যাপ করবেন।
    - ➢ গ্রাহক সংস্থার শাখা অফিসের ব্যাংক অথবা MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট 'বাংলা কিউআর (Bangla QR)' কোড স্ক্যান করবেন।
    - ➢ স্ক্যান করার পর মোবাইল অ্যাপ্লিকেশনে গ্রাহক সংস্থার শাখা অফিসের ব্যাংক অথবা MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট প্রোফাইলের তথ্য যাচাই করে কিস্তির পরিমাণ সঠিকভাবে পূরণ করবেন।
    - ➢ গ্রাহক পিন, পাসওয়ার্ড বা বায়োমেট্রিক-এর মাধ্যমে নিরাপত্তা যাচাই করবেন।
    - ➢ গ্রাহক লেনদেন সম্পন্নকরণের লক্ষ্যে OK বাটনে ট্যাপ করবেন।

- ঋণের টাকা গ্রহণ, কিস্তি ফেরত, সঞ্চয় জমা, সঞ্চয় ফেরত ইত্যাদি লেনদেন সংক্রান্ত তথ্যাদি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত ধাপসমূহ বিবেচনা করতে হবে:
    - ➢ মোবাইলে প্রেরিত ক্ষুদে বার্তা দেখে সফল লেনদেন সম্পন্ন হওয়ার বিষয়টি নিশ্চিত হতে হবে।
    - ➢ বিকল্প হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক অথবা MFS-এর অ্যাপ ব্যবহার করে অ্যাকাউন্টের বিদ্যমান ব্যালেন্স যাচাই করে নেয়া যেতে পারে।
    - ➢ সংস্থার শাখা ব্যবস্থাপক/ ক্রেডিট অফিসারের মাধ্যমে পাশ বইতেও তথ্য হালনাগাদ করা হয়েছে কিনা তা যাচাই করা যেতে পারে।
- সাবধানতা:
    - ➢ 'বাংলা কিউআর (Bangla QR)' কোড ভিত্তিক লেনদেনের ক্ষেত্রে সংশ্লিষ্ট পিন, পাসওয়ার্ড ব্যাংক, MFS, সহযোগী সংস্থার শাখা ব্যবস্থাপক/ ক্রেডিট অফিসার অথবা অন্য কারো সাথে শেয়ার করা যাবে না।
    - ➢ লেনদেনের সময় পিন কোড অথবা পাসওয়ার্ড প্রদানের সময় গোপনীয়তা অবলম্বন করতে হবে।
    - ➢ লেনদেনের পরিমাণ এন্ট্রির ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।
- জরুরি যোগাযোগ:
    - ➢ ঋণের টাকা গ্রহণ, কিস্তি ফেরত, সঞ্চয় জমা, সঞ্চয় ফেরত ইত্যাদি লেনদেন সংক্রান্ত বিষয়ে কোনো সমস্যার সম্মুখীন হলে বা লেনদেন সংক্রান্ত সাহায্যের প্রয়োজন হলে সংস্থার মাঠ পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে অথবা সহযোগী সংস্থা কর্তৃক প্রদত্ত হেল্প লাইন নম্বরে যোগাযোগ করতে হবে।
    - ➢ 'বাংলা কিউআর (Bangla QR)' সংক্রান্ত কোনো সমস্যার সম্মুখীন হলে বা লেনদেন সংক্রান্ত সাহায্যের প্রয়োজন হলে ব্যাংক অথবা MFS প্রদানকারীর সংশ্লিষ্ট শাখা বা Customer Care এ যোগাযোগ করতে হবে।

# বাংলা কিউআর (Bangla QR) কোড ভিত্তিক লেনদেন সম্পর্কিত বাংলাদেশ ব্যাংক প্রদত্ত গাইডলাইনঃ

www.bangladeshbank.org.bd
www.bb.org.bd

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং ঃ ০১/২০২১

তারিখ ঃ ২২ পৌষ ১৪২৭
৬ জানুয়ারী ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/পেমেন্ট সার্ভিস প্রোভাইডর/পেমেন্ট সিস্টেমস্ অপারেটর/
মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**Guidelines for 'Bangla QR' Code Based Payments প্রণয়ন প্রসঙ্গে।**

সম্প্রতি দেশে Quick response (QR) code ভিত্তিক পরিশোধ সেবার ব্যবহার পরিলক্ষিত হচ্ছে। QR code ভিত্তিক লেনদেন সহজ ও সাশ্রয়ী বিধায় এর বহুল ব্যবহার দেশের আর্থিক অন্তর্ভুক্তিমূলক কার্যক্রমকে আরো গতিশীল করবে। এ প্রেক্ষিতে, QR code ভিত্তিক লেনদেন Interoperable করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক 'National QR Code Standard for Retail Payments in Bangladesh' শিরোনামে 'Bangla QR' এর কাঠামো প্রস্তুত করেছে। এক্ষণে, দেশের অভ্যন্তরে পরিচালিত 'Bangla QR' এর ব্যবহারবিধি, লেনদেন নিষ্পত্তি, ফি ও চার্জ নির্ধারণ ইত্যাদি বিষয়ের বিস্তারিত ব্যাখ্যা সম্বলিত Guidelines for 'Bangla QR' Code Based Payments প্রণয়ন করা হয়েছে (এতদ্‌সংযুক্ত), যা সকল Bangla QR code ভিত্তিক লেনদেনের ক্ষেত্রে অনুসরণীয় হবে। এতদ্‌প্রেক্ষিতে, QR code ভিত্তিক লেনদেনের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানসমূহকে (Issuing/Acquiring) নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

১. বাংলাদেশে QR code ভিত্তিক লেনদেনের ক্ষেত্রে Issuing/Acquiring প্রতিষ্ঠান নির্বিশেষে সকলকে 'Bangla QR' গাইডলাইন অনুসরণ করতে হবে। তবে ইতোমধ্যে যেসকল প্রতিষ্ঠান Non EMVCO/ Proprietary standard অনুসরণ করে QR code ভিত্তিক পরিশোধ সেবা চালু করেছে তারা ৩১ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে বিদ্যমান Proprietary QR-কে 'Bangla QR' দ্বারা প্রতিস্থাপন করবে।
২. 'Bangla QR' ভিত্তিক আন্তঃপ্রাতিষ্ঠানিক লেনদেন দেশে কার্যরত সকল Network এর মাধ্যমে পরিচালনা/সম্পন্ন করা যাবে।
৩. Static 'Bangla QR' ভিত্তিক লেনদেনের জন্য একক ব্যক্তিক হিসাবে দৈনিক লেনদেনের সীমা সর্বোচ্চ ২০,০০০ টাকা।
৪. 'Bangla QR' ভিত্তিক লেনদেনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ধার্যকৃত ফি ও চার্জসমূহ প্রযোজ্য হবে।
৫. 'Bangla QR' প্রচার ও প্রসারের লক্ষ্যে ব্যাংক/পেমেন্ট সার্ভিস প্রোভাইডর/পেমেন্ট সিস্টেমস্ অপারেটর/মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডর প্রতিষ্ঠানগুলো প্রয়োজনীয় গ্রাহক/মার্চেন্ট সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করবে।

উপর্যুক্ত নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাউল হক)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৭৪

## ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাংলা কিউআর উদ্যোগে যে সকল ব্যাংক ও MFS প্রতিষ্ঠান সংযুক্ত হয়েছে তার তালিকা:

1. AB Bank PLC
2. Agrani Bank PLC
3. Al-Arafah Islami PLC
4. BASIC Bank PLC
5. BRAC Bank Limited
6. Bangladesh Commerce Bank Limited
7. Bangladesh Krishi Bank
8. Bank Asia Limited
9. Citizens Bank PLC
10. Community Bank Bangladesh Limited
11. DGePay Services Limited
12. Dutch-Bangla Bank PLC
13. EXIM Bank Limited
14. Eastern Bank PLC
15. First Security Islami Bank PLC
16. IFIC Bank PLC
17. Islami Bank Bangladesh PLC
18. Islamic Wallet
19. Mercantile Bank PLC
20. Midland Bank Limited
21. Mutual Trust Bank PLC
22. NRB Bank Limited
23. National Bank Limited
24. OK Wallet
25. One Bank PLC
26. Prime Bank PLC
27. Pubali Bank PLC
28. Rupali Bank PLC
29. Shahjalal Islami Bank PLC
30. Social Islami Bank PLC
31. Sonali Bank PLC
32. Southeast Bank PLC
33. TallyPay
34. The City Bank PLC
35. The Premier Bank PLC
36. UPay
37. United Commercial Bank PLC
38. Uttara Bank PLC
39. bKash Limited

=0=